দৈনিক সংবাদ

তারিখ 30 DEC 1992
পৃষ্ঠা ৫ কলাম ৫

29

# দক্ষিণাঞ্চলের ৩টি থানায় ১৩ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

।। মোঃ গোলাম মোস্তফা ।।

পটুয়াখালী, ২৯শে ডিসেম্বর।—বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী চালু করার এক বছর পরেও দক্ষিণাঞ্চলের ৩টি জেলা সদর থানায় সাড়ে ১৩ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে।

'সবার জন্য শিক্ষা' কার্যক্রমের আওতায় সরকার পর্যায়ক্রমে সারাদেশে বাধ্যতামূলক শিক্ষা প্রবর্তনের সিদ্ধান্ত নেয়। সে অনুযায়ী দেশের ৬৪টি জেলার একটি করে থানা প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক ১৯৯০ আইনের আওতায় আনা হয়। ১৯৯২ সালের ১লা জানুয়ারি থেকে এ কর্মসূচী চালু করা হয়।

শিক্ষা বিভাগ বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতাভুক্ত এলাকায় এক শিশু জরিপ চালায়। এ জরিপে দেখা যায়, পটুয়াখালী, ভোলা ও বরগুনা জেলার ৩টি জেলা সদর থানায় এ কর্মসূচীর হাল অত্যন্ত করুণ। এ ৩টি থানায় বিদ্যালয় গমনোপযোগী শিশুর সংখ্যা ৮৭ হাজার ৩শ' ৩৬ জন। এরমধ্যে বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩ হাজার ৭শ' ২৭ জন এবং বিদ্যালয় বহির্ভূত শিশুর সংখ্যা ১৩ হাজার ৬শ' ৯ জন। ভোলা সদর থানায় শিক্ষা বঞ্চিত শিশুর সংখ্যা বেশি ৫ হাজার ৮শ' ২৯ জন। এছাড়া, পটুয়াখালী সদর থানায় ৪ হাজার ৮শ' ২৪ জন এবং বরগুনা সদর থানায় ২ হাজার ৮শ' ২৬ জন শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত রয়েছে।

সংশ্লিষ্ট দপ্তরের জরিপ রিপোর্টে উপরোক্ত তথ্য প্রকাশ হলেও বাস্তবে এর সংখ্যা বিশ হাজারেরও বেশি বলে ধারণা করা হচ্ছে। শিক্ষা উপকরণের মূল্য বৃদ্ধি, শিক্ষা বিভাগের উদ্যোগের অভাব, শিশু শ্রমের কারণে ১৩ হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।